# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 19 April, 2025

জামায়াতে ইসলামী আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, যেকোনো নির্বাচনের আগে অবশ্যই দুটি কাজ সম্পন্ন করতে হবে।একটি হচ্ছে খুনিদের বিচার দৃশ্যমান হতে হবে।আর একটি হচ্ছে প্রয়োজনীয় সংস্কার।এ ছাড়া জনগণ কোনো নির্বাচন মেনে নেবে না।

শনিবার(১৯ এপ্রিল) বেলা ১১ টার দিকে লালমনিরহাটের কালেক্টরেট মাঠের এক জনসভায় তিনি এই কথা বলেন।

শফিকুর রহমান আরও বলেন, হাজার প্রাণের বিনিময়ে, হাজার হাজার মানুষের পঙ্গুত্বের বিনিময়ে, আহত হওয়ার বিনিময়ে দেশে এই পরিবর্তন এসেছে।তাই অবশ্যই সংস্কার সাধন করতেই হবে। এই সংস্কার কারা করবে? সংস্কারের প্রধান অংশীজন হলো রাজনৈতিক দলগুলো। রাজনৈতিক দলগুলো যত তাড়াতাড়ি ও আন্তরিকতার সঙ্গে সংস্কারে সহযোগিতা করবে, তত তাড়াতাড়ি নির্বাচনের পরিবেশ তৈরি হবে।সংস্কার যদি না হয়, তাহলে সংস্কারের মাধ্যমে নির্বাচনের সুষ্ঠু পরিবেশ তৈরির বিষয়ে দেশের মানুষের যে প্রত্যাশা, সেটি পূরণ না হয়ে নির্বাচন অনুষ্ঠিত হয়ে পড়বে।আর তার দায় রাজনৈতিক দলগুলোকে নিতে হবে।এ জন্য রাজনৈতিক দলগুলোকে বাস্তবতার কাতারে এসে সুষ্ঠু নির্বাচনের স্বার্থে সংস্কারে সহযোগিতা করতে হবে।

তিনি আরও বলেন, বাংলাদেশের নির্যাতিত ১৮ কোটি মানুষের দাবি, গণহত্যাকারীদের বিচার, ২৪-এর শহীদ পরিবারগুলোর পুনর্বাসন, আহত এবং পঙ্গু অসংখ্য ছাত্র, তরুণ, যুবক ও মুক্তিকামী মানুষের সুচিকিৎসা একটি সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে ১৫ বছরের সৃষ্ট জঞ্জালগুলোর

মৌলিক সংস্কার সাধন করে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

তিনি বলেন, জনগণ অগ্রাধিকার ভিত্তিতেই গণহত্যার বিচারটাই দেখতে চায়।এর বাহিরে অন্য কিছু ভাবার কোনো সুযোগ নেই।

জামায়াত আমির বলেন, আমরা সর্বস্তরের জনগণকে সংযত, সতর্ক ও ঐক্যবদ্ধ থেকে দল-মতের উর্ধ্বে উঠে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় দায়িত্বশীল ভূমিকা পালন করার আহ্বান জানাই।

লালমনিরহাট জেলা জামাতের আমির আবু তাহেরের সভাপতিত্বে সমাবেশে আর বক্তব্য দেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম, কর্মপরিষদ সদস্য অধ্যাপক মাহবুবুর রহমান বেলাল, জেলা জামায়াতের সেক্রেটারি জেনারেল ফিরোজ হায়দার লাভলু,  মজলিসে সূরা সদস্য আনোয়ারুল ইসলাম রাজু সহ জামায়াত ইসলামীর শীর্ষ নেতারা বক্তব্য দেন।

জামায়াত ইসলামী শফিকুর রহমান লালমনিরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:53

URL: https://timestodaybd.com/across-the-country/1048775807